DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 16 Aug 2026, 06:09 AM

স্বাস্থ্য

# ডেঙ্গু রোগীর চাপে দিশেহারা হাসপাতাল কর্তৃপক্ষ

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ১১:৩১ AM



খুলনায় সরকারি-বেসরকারি মিলে দুই ডজনের বেশি হাসপাতালে ৩০০-এর মতো ডেঙ্গু রোগীর চিকিৎসা সক্ষমতা রয়েছে। এর মধ্যে সরকারি হাসপাতালে প্রতিদিন ৩ শতাধিক ডেঙ্গু রোগী ভর্তি থাকছে।

বেসরকারি হাসপাতালে আলাদা ইউনিট করেও পরিস্থিতি সামাল দেওয়া যাচ্ছে না। হিমশিম খাচ্ছেন চিকিৎসক ও হাসপাতাল কর্তৃপক্ষ।

খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে মেডিসিন ওয়ার্ডের শয্যাসংখ্যা ৪০টি। গতকাল সেখানে ডেঙ্গু রোগী ভর্তি ছিল ১৪৬ জন। রোগীর চাপ প্রতিনিয়ত বাড়তে থাকায় নিচ তলায় জরুরি বিভাগে আলাদা ইউনিট চালুর প্রস্তুতি নেওয়া হয়েছে। একইভাবে খুলনা সদর হাসপাতালে মেডিসিন বিভাগে ২৫টি শয্যার বিপরীতে ডেঙ্গু রোগী ভর্তি আছে ৬৫ জন। শয্যা খালি না থাকায় অনেককে ফিরে যেতে হয়।

খুলনা সিটি করপোরেশনে ভেটেরিনারি অফিসার ড. পেরু গোপাল বিশ্বাস বলেন, বাসাবাড়িতে টব বা ছাদ বাগানে গাছের ড্রামে, খোলা জায়গায় থাকা ডাবের খোসায় জমে থাকা স্বচ্ছ পানিতে এডিস মশার বংশবিস্তার ঘটছে। চলতি বর্ষা মৌসুমে ডেঙ্গু পরিস্থিতি ভয়ানক হয়ে দেখা দিয়েছে। সচেতন না হওয়ায় নিজেরাই নিজেদের চারপাশে এডিস মশার বংশ বিস্তারে সহায়তা করছি। চিকিৎসকরা বলছেন, জুলাইয়ের

মাঝামাঝি থেকে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে থাকে। আগস্টে শুরু থেকে পরিস্থিতি ভয়ানক হতে থাকে। গত ২৪ ঘণ্টায় খুলনা বিভাগের ১০ জেলায় ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে ১১৪ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছেন ৪২০ জন। খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল ও জেলার বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছেন ২৭৩ জন। চলতি বছরে এ পর্যন্ত খুলনা বিভাগে ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৩০৫ জন। এর মধ্যে মারা গেছেন ১২ জন।

কেসিসি প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু বলেন, হাসপাতাল ঘুরে পরিস্থিতির ভয়াবহতা দেখে আঁতকে উঠেছি। সরকারি-বেসরকারি হাসপাতালে ডেঙ্গু রোগীর চিকিৎসায় শয্যা ফাঁকা নেই। ডেঙ্গু মোকাবিলায় সর্বশক্তি নিয়োগ করেছি। এই কাজে আমরা নগরবাসী ও সরকারের সহযোগিতা চাই।

রূপসা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. মাজেদুল হক কাওছার বলেন, এডিস মশার বংশবিস্তার রোধ করতে ছাদে ফুলের টবে ও আশপাশে জমে থাকা পানি অপসারণ করতে হবে। এই পানি না পেলে মশা ডিম পাড়তে পারবে না।

---


এ বিভাগের আরও খবর




৩২ বছর পর সংস্কার, ৭ মাসেই বাতিল: আবার ১১৭ ওষুধের তালিকায় ফিরল সরকার

দীর্ঘ ৩২ বছর পর অত্যাবশ্যকীয় ওষুধের তালিকা হালনাগাদ করে ১১৭টি থেকে ২৯৭টিতে উন্নীত করেছিল অন্তর্বর্তী সরকার। একই সঙ্গে ওষুধের মূল্য নির্ধারণে...



সিগারেট খাওয়ার ১০ সেকেন্ডের মধ্যেই মস্তিষ্কে পৌঁছে যায় নিকোটিন

সিগারেট স্বাস্থ্যের জন্য ক্ষতিকর�এ কথা কমবেশি সবারই জানা। ধূমপানের কারণে ফুসফুস ও হৃদ্‌যন্ত্রের নানা জটিলতার পাশাপাশি মস্তিষ্কের ওপরও ক্ষতিক...



### হাম উপসর্গে ২৪ ঘণ্টায় প্রাণ গেল ৮ শিশুর

দেশে গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে ৮ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ৭৯৮টি শিশু।শনিবার (১৫ আগস্ট) বিকেলে স্বাস...

---



### দেশে হামের উপসর্গে আরও চার শিশুর মৃত্যু

দেশে হামের উপসর্গে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও চার শিশুর মৃত্যু হয়েছে। তবে মৃত শিশুদের কারোরই ল্যাব পরীক্ষায় আনুষ্ঠানিকভাবে হাম শনাক্ত...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/health/denggu-rogir-chape-dishehara-haspatal-krtripksh